

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ উপ হাই কমিশন, চেন্নাইতে শেখ রাসেল দিবস-২০২৩ পালিত

চেন্নাই, ১৮ অক্টোবর ২০২৩: বাংলাদেশ উপ হাই কমিশন, চেন্নাইতে বিশেষভাবে সক্ষম শিশুদের সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেলের ৬০তম জন্মদিন ও 'শেখ রাসেল দিবস-২০২৩' পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে মিশন প্রাঙ্গণ ও The Clarke School for the Deaf, চেন্নাইতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। The Clarke School বিশেষভাবে সক্ষম ছাত্র ছাত্রীদের জন্য ভারতের একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। অনুষ্ঠানসূচীতে শহিদ শেখ রাসেল-এর জীবনীর উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং শেখ রাসেল দিবস উপলক্ষ্যে আয়োজিত বিশেষ ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ অন্তর্ভুক্ত ছিল।

দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানমালা শুরু হয় The Clarke School for the Deaf, চেন্নাই-এর ছাত্রছাত্রীদের কর্তৃক প্রস্তুতকৃত বিজ্ঞান প্রকল্প, চিত্রকলা ও কারুপণ্য প্রদর্শনীর মাধ্যমে। বিদ্যালয়ের সচিব জনাব Mr. S.N. Srikanth উপ-হাই কমিশনার শেলী সালেহীন-কে প্রদর্শনীটি ঘুরিয়ে দেখান। Mr. S.N. Srikanth তাঁর স্বাগত বক্তব্যে শহিদ শেখ রাসেলের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। গত ১৬ অক্টোবর ২০২৩ শেখ রাসেল দিবস উপলক্ষ্যে The Clarke School- এর বিশেষভাবে সক্ষম ছাত্র ছাত্রীদের মধ্যে একটি ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। আজ বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

শেলী সালেহীন, উপ-হাই কমিশনার তাঁর বক্তব্যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ ই আগস্টে শহিদ তাঁর পরিবারের শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন ঘাতকেরা ভেবেছিলো জাতির পিতার চেতনা ও আদর্শ তারা মুছে দিবে কিন্তু তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের আত্মত্যাগ, বর্গিল ও কর্মময় বাংলাদেশ ও বিশ্বের নিপীড়িত জনতার প্রেরণার উৎস হিসেবে সবসময়ই দীপ্তিমান থাকবে।

'শেখ রাসেল দিবস-২০২৩' উপলক্ষ্যে বিকেলে উপ হাই কমিশন প্রাঙ্গণে বিশেষ অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। শুরুতে উপ-হাই কমিশনার শহিদ শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। 'শেখ রাসেল দিবস-২০২৩' উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। পরবর্তীতে, শহিদ শেখ রাসেল-এর জীবনীর উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয় এবং একটি উন্মুক্ত আলোচনার আয়োজন করা হয়। অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দের অংশগ্রহণে আয়োজিত বিশেষ দোয়ার মাধ্যমে দিনব্যাপী কর্মসূচির সমাপ্তি হয়।

